

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪২.১৩.

তারিখ: ১২ আশ্বিন ১৪২৪  
২৭ সেপ্টেম্বর ২০১৭

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আমিনুর রহমান (০১২৬২৩), সহকারি অধ্যাপক (রসায়ন), রামগঞ্জ সরকারি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর গত ২৭/১০/২০১১ তারিখ হতে ১০/১২/২০১১ তারিখ পর্যন্ত ছুটি নিয়ে বহিঃবাংলাদেশ গমন করেন। কিন্তু ছুটি শেষ হওয়া সত্ত্বেও গত ১১/১২/২০১১ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্ত করা হয় এবং তদন্তে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়েছে;

সেহেতু, আপনি জনাব মোহাম্মদ আমিনুর রহমান (০১২৬২৩), সহকারি অধ্যাপক (রসায়ন), রামগঞ্জ সরকারি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণ হওয়ায় কেন উক্ত বিধিমালা ৪(৩)(ডি) অনুসারে আপনাকে “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালা ৭(৬) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপিও যুক্ত করা হলো।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৬/০৯/২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

স্থায়ী ঠিকানাঃ

জনাব মোহাম্মদ আমিনুর রহমান

পিতাঃ মোঃ হাবিবুর রহমান

মাতার নামঃ রহীমা খাতুন

গ্রামঃ বাড়ী/সড়ক নং-২৮৫-৪ শাহ সুজা সড়ক পাইক পাড়া

ডাকঘরঃ নারায়নগঞ্জ, থানা- নারায়নগঞ্জ সদর

জেলাঃ নারায়নগঞ্জ।

বর্তমান কর্মস্থলঃ

জনাব মোহাম্মদ আমিনুর রহমান (০১২৬২৩), সহকারি অধ্যাপক (রসায়ন), রামগঞ্জ সরকারি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪২.১৩.

০৬৮০(২)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৪  
২৭ সেপ্টেম্বর ২০১৭

বিতরণ:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মুর্শিদা শারমিন  
উপসচিব